**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 22-04.2026** **Desk in Charge: SDG**
**Time: 7-35 AM** **Edit & Compile: NBR**
**DEO: KB** **NRT: NBR**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্য বিধানসভার প্রথম দফা নির্বাচনে, আগামীকাল ভোট গ্রহণ। **#** ১৬ টি জেলার ১৫২ টি আসনে এক হাজার ৪৭৮ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন তিন কোটি ৬০ লক্ষ ৭৭ হাজারের বেশী ভোটার। **#** চলছে শেষ মুহূর্তের প্রস্তুতি।

২/ দ্বিতীয় দফার ভোটের জন্য জোরকদমে চলছে প্রচারাভিযান। **#বরিষ্ঠ বিজেপি** নেতা, কেন্দ্রীয় **স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ** আজ রাজ্যে বিভিন্ন প্রচার কর্মসূচিতে অংশ নেবেন। **#তৃণমূল কংগ্রেস** নেত্রী **মুখ্যমন্ত্রী মমতা** ব্যানার্জী, আজ দলীয় প্রার্থীদের সমর্থনে একাধিক জনসভা করবেন।

৩/ রাজ্যে ভোটকে ঘিরে শুধুমাত্র এলাকাতেই নয়, ভোট গ্রহণ কেন্দ্রগুলিতেও নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে নির্বাচন কমিশন।

৪/ জম্মু কাশ্মীরে পহেলগাঁও সন্ত্রাসবাদী হামলার আজ প্রথম বর্ষপূর্তি।

৫/ সুপ্রিম কোর্টে আজ আইপ্যাক মামলার শুনানি হতে পারে।

৬/ রাজ্যের পশ্চিমের জেলাগুলিতে কোথাও কোথাও আগামী দুদিন তাপপ্রবাহের সম্ভাবনা। **#** উত্তরের জেলাগুলিতে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

*************************************************************************

রাজ্য বিধানসভার প্রথম দফা নির্বাচনে, আগামীকাল ভোট গ্রহণ।

১৬ টি জেলার ১৫২ টি আসনে এক হাজার ৪৭৮ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন তিন কোটি ৬০ লক্ষ ৭৭ হাজারের বেশী ভোটার। তবে, অ্যাপিলেট ট্রাইবুনালে আবেদনকারীদের নামে ছাড়পত্র দেবার পর সেই সংখ্যা অন্তর্ভুক্ত হলে, ভোটার তালিকায় পরিবর্তন হতে পারে।

গতকাল গভীর রাত পর্যন্ত অ্যাপিলেট ট্রাইবুনালের কাজকর্ম চলেছে। আজ কতজন ভোটার অন্তর্ভুক্ত হলেন, সে সম্পর্কে ধারণা মিলতে পারে বলে মনে করা হচ্ছে।

এদিকে, আজ সকাল থেকেই ভোট কর্মীরা, নির্বাচনী কেন্দ্রের উদ্দেশে রওনা হচ্ছেন। উত্তরবঙ্গের পাহাড়ি এলাকায় থাকা যেসব কেন্দ্রে মোবাইল নেটওয়ার্ক পাওয়া যায়না, সেখানে স্যাটেলাইট ফোনের ব্যবস্থা করেছে নির্বাচন কমিশন। বিজনবাড়ি ব্লকের অধীন সামডেন ফরেস্ট প্রাইমারি স্কুলে ভোট কেন্দ্রে যেতে প্রায় ১৫/১৬ ঘন্টা আগেই রওনা হয়েছেন কর্মীরা।

অন্যদিকে, ভোটকে ঘিরে কঠোর নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। একটি প্রতিবেদন- ( ভিসি- কল্যাণ লাহা )

**************************

প্রথম দফার ভোটের প্রচার শেষ হওয়ার সঙ্গে সঙ্গেই সংশ্লিষ্ট কেন্দ্র থেকে বাইরের রাজনৈতিক কর্মী ও সমর্থকদের এলাকা ছাড়তে নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। নির্দেশিকায় স্পষ্ট বলা হয়েছে, প্রচারের সময় বিভিন্ন রাজনৈতিক দল বাইরে থেকে কর্মী ও সমর্থক নিয়ে আসে। কিন্তু ‘সাইলেন্স পিরিয়ড’ শুরু হওয়ার পর তাঁদের উপস্থিতি যাতে ভোটারদের প্রভাবিত করতে না পারে এবং নির্বাচনের নিরপেক্ষতা ব্যহত না হয়, সেকারণেই এই সিদ্ধান্ত।

হোটেল, লজ, গেস্ট হাউস, ধর্মশালা-সহ বিভিন্ন আবাসনে তল্লাশি চালিয়ে বাইরের কর্মীদের চিহ্নিত করতে হবে বলে জেলা নির্বাচন আধিকারিক ও পুলিশ সুপারদের নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি আন্তঃজেলা ও আন্তঃরাজ্য সীমান্তে নাকা চেকিং জোরদার করে তাঁদের চলাচল নিয়ন্ত্রণ করতে হবে।

*************************

প্রথম দফার বিধানসভা ভোটের জন্য প্রচারাভিযান গত সন্ধ্যায় শেষ হয়েছে। বর্তমানে চলছে সাইলেন্স পিরিয়ড। দ্বিতীয় দফায় সাতটি জেলার ১৪২ টি আসনে আগামী ২৯শে এপ্রিল ভোট নেওয়া হবে। সেজন্য তৎপরতা তুঙ্গে। জোরকদমে চলছে এই দফার প্রচারাভিযান।

বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ দলীয় কর্মীদের সমর্থনে বিভিন্ন প্রচার কর্মসূচিতে অংশ নেবেন। দুপুরে তিনি উত্তর ২৪ পরগনার দমদম ও হাবরা এবং হুগলির সপ্তগ্রামে জনসভা করবেন। এরপর বিকেলে দক্ষিণ ২৪ পরগণার সোনারপুরে দলীয় প্রার্থীর সমর্থনে রোড শোয়ে অংশ নেবেন তিনি। এদিকে অপর বিজেপি নেতা ও উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ নির্বাচনী প্রচারে আজ রাজ্যে আসছেন। সকালে কলকাতায় পৌঁছে তিনি প্রথমে জোড়াসাঁকো এরপর নদীয়ার চাকদা এবং হাওড়ার উদয়নারায়নপুরে জনসভা করবেন। অন্যদিকে বিজেপি নেতা ও আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা পূর্ব বর্ধমানের কালনা ও দুপুরে উত্তর ২৪ পরগণার বনগাঁ-দক্ষিণ কেন্দ্রে জনসভা করবেন। বিকেলে বর্ধমানে রোড শো-এ অংশ নেবেন তিনি।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, আজ উত্তর ২৪ পরগণায় একাধিক জনসভায় অংশ নেবেন। দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়, দুই ২৪ পরগণায় বিভিন্ন কর্মসূচীতে অংশ নেবেন।

CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম, আজ মহেশতলায় একটি রোড শো করবেন। বরানগরে জনসভায় যোগ দেবেন দলের প্রবীন নেত্রী বৃন্দা কারাত।

ISF এবং কংগ্রেস সহ অন্য রাজনৈতিক দলের পক্ষেও প্রচার চালানো হচ্ছে।

এদিকে, লোকসভায় বিরোধী দলনেতা, কংগ্রেসের রাহুল গান্ধীকে প্রশাসন শ্রীরামপুর ও মেটিয়াবুরুজে জনসভা করার অনুমতি দেয়নি বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার অভিযোগ করেছেন। এরাজ্যে শ্রী গান্ধীর সভাগুলিতে জনতার উপস্থিতি দেখে প্রশাসন ভয় পেয়েছে বলে গতকাল মন্তব্য করেন তিনি।

*************************

রাজ্যে ভোটকে ঘিরে শুধুমাত্র এলাকাতেই নয়, ভোট গ্রহণ কেন্দ্রগুলিতেও নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে নির্বাচন কমিশন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, ভোট কর্মীএবং কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা বুথে পৌঁছে যাওয়ার সঙ্গে সঙ্গে প্রতিটি ব্যক্তি নির্দিষ্ট পরিচয়পত্র দেখিয়েই সেখানে প্রবেশ করতে পারবেন।

( বাইট- মনোজ আগরওয়াল )

এদিকে, অবাধ ও শান্তিপূর্ণ ও ভয়মুক্ত পরিবেশে নির্বাচন করার লক্ষ্যে রাজ্যপাল আর এন রবি, ২৪ ঘণ্টার একটি নাগরিক হেল্পলাইন চালু করেছেন।

লোকভবনের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে, সাধারণ মানুষ যেকোনো সহায়তা বা অভিযোগ জানানোর জন্য এই হেল্পলাইন নম্বরগুলিতে যোগাযোগ করতে পারবেন। আকাশবাণীর ফেসবুক পেজে নম্বরগুলি পাওয়া যাবে।

এছাড়াও, lokbhavanbengalhelpline@gmail.com ইমেল আইডিতেও যেকোনও অভিযোগ জানানো যাবে।

*************************

ভোটে সন্ত্রাস রুখতেই বাইক সংক্রান্ত বিধি নিষেধ আরোপ করা হয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন। গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরের তিনি জানান, সাম্প্রতিক কালে বিভিন্ন জেলা সফরে গিয়ে তিনি বাইক বাহিনী ব্যবহার করে ভোটারদের মনে ভয় সৃষ্টি করার অভিযোগ পেয়েছেন। তার পরিপ্রেক্ষিতেই এই বিধি নিষেধ আরোপ করা হয়েছে। তবে এই নির্দেশের ফলে সাধারণ মানুষ কোন সমস্যায় পড়বে না বলে মুখ্য নির্বাচনী আধিকারিক স্পষ্ট জানিয়েছেন। এমনকি পেশাগত কারণে বা বাণিজ্যিক কারণে বৈধ কাগজপত্র সহ বাইক ব্যবহারের উপরেও কোন বিধি-নিষেধ নেই বলে তিনি জানান।

ভোটের দু-দিন আগে থেকেই সংশ্লিষ্ট কেন্দ্রগুলিতে মোটরবাইক চলাচলের ওপর বেশকিছু বিধি নিষেধ জারি করেছে নির্বাচন কমিশন। মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের জারি করা এক নির্দেশিকায় বলা হয়েছে, ভোটের ৪৮ ঘণ্টা আগে থেকে কোনও বাইক র‍্যালি বা মোটর সাইকেল মিছিল সম্পূর্ণ নিষিদ্ধ। সন্ধে ৬'টা থেকে সকাল

**৬’টা পর্যন্ত** মোটরবাইক চলাচলেও জারি থাকছে নিষেধাজ্ঞা। তবে জরুরি প্রয়োজনে, চিকিৎসা বা পারিবারিক কারণে এই নিয়মে ছাড় থাকবে। এই সময়ে সকাল ৬টা থেকে সন্ধ্যে ৬টা পর্যন্ত মোটরবাইকের পিছনে কোনও আরোহীকে বসানো যাবে না। যদিও স্কুল পড়ুয়া বা রোগীদের ক্ষেত্রে এই নিয়ম শিথিল করা হয়েছে।

**ভোটের দিন সকাল ৬টা থেকে সন্ধ্যে ৬টা পর্যন্ত** শুধুমাত্র ভোট দিতে যাওয়া বা জরুরি প্রয়োজনে বাইক চালকের পেছনে পরিবারের লোকজনই বসতে পারবেন।

*************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'গণতন্ত্রের বৃহত্তম উৎসব'। নির্বাচন কমিশনের বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত এবং অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগীর সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*************************

জম্মু কাশ্মীরে পহেলগাঁও সন্ত্রাসবাদী হামলার আজ প্রথম বর্ষপূর্তি। গতবছর এই দিনেই পহেলগাঁও-এ এক স্থানীয় বাসিন্দা এবং ২৫ জন পর্যটককে হত্যা করে সন্ত্রাসবাদীরা। নারকীয় এই ঘটনা, সমগ্র দেশকে কাঁপিয়ে দেয়। বিশ্বের বিভিন্ন প্রান্তের সরকার এবং আন্তর্জাতিক নেতৃবৃন্দের পক্ষ থেকে পাঠানো হয় শোকবার্তা। ভারতীয় সেনা, সমাজ মাধ্যমে ঘটনার ষড়যন্ত্রকারীদের কড়া বার্তা দিয়ে জানায়, মানবিকতার সীমা লঙ্ঘিত হলে তার জবাব’ও হবে অত্যন্ত সুনির্দিষ্ট।

আকাশবাণীর সংবাদদাতা জানাচ্ছেন, পহেলগাঁও সন্ত্রাসবাদী হামলার জবাবে ভারতের সশস্ত্র সেনা, গতবছর ৬ এবং ৭’ই মে মধ্যরাতে ‘অপারেশন সিন্দুর’-এর সূচনা করে। নিয়ন্ত্রণ রেখা পেড়িয়ে পাকিস্তানের ভেতরে ঢুকে তৈরী হওয়া জঙ্গী ঘাঁটি এবং সন্ত্রাসবাদী পরিকাঠামো ধ্বংস করাই ছিল এই অভিযানের মূল লক্ষ্য। অপারেশন চলাকালীন সেনাবাহিনী সুনির্দিষ্টভাবে পাকিস্তান এবং পাক অধিকৃত জম্মু কাশ্মীরে ৯’টি জঙ্গী ঘাঁটি গুঁড়িয়ে দেয়। মারা পড়ে শতাধিক জঙ্গী প্রশিক্ষক, সহযোগী এবং হ্যান্ড্লার্স। এদের

অধিকাংশই জৈশ-এ-মহম্মদ, লস্কর-এ-তৈবা এবং হিজবুল মুজাহিদ্দিন সদস্য। ‘অপারেশন সিন্দুর’, ভারতের উচ্চক্ষমতা, ভূমি, বায়ু ও জলপথে সুসমন্বিত সামরিক কার্যকারিতা এবং নিখুঁত দক্ষতাকে বিশ্বমঞ্চে তুলে ধরেছে। এই অভিযান প্রমাণ করে দিয়েছে, আন্তর্জাতিক সীমান্ত পেড়িয়ে সন্ত্রাসবাদ হলে, তার যোগ্য জবাব দিতে হবে।

একইসঙ্গে পহেলগাঁও হামলার সঙ্গে জড়িত সন্ত্রাসবাদীদের নিকেশ করতে ‘অপারেশন মহাদেব’ সূচনা করা হয়। সাম্প্রতিক সময়ে সন্ত্রাসবাদ বিরোধী এ এক অন্যতম বিরাট অভিযান। এর মধ্য দিয়েই গতবছর ২৮শে জুলাই নিখুঁত দক্ষতায় ভারতীয় সেনা পহেলগাঁও হামলার তিন জঙ্গীকেই প্রাণে মারে। দেশের নিরাপত্তা সুনিশ্চিত করার লক্ষ্যে এই অভিযান, সেনাবাহিনীর দায়বদ্ধতাকেই প্রমাণ করেছে।

**************************

সুপ্রিমকোর্টে আজ ফের আইপ্যাক তল্লাশি সংক্রান্ত মামলার শুনানি হতে পারে। বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রার নেতৃত্বাধীন বেঞ্চে শুনানি হবে বলে মনে করা হচ্ছে। এর আগে গত মাসে শীর্ষ আদালত জানিয়েছিল ১৪ এপ্রিল থেকে টানা এই মামলার শুনানি করা হবে। কিন্তু ১৪ এপ্রিল সংবিধানের রূপকার বাবা সাহেব আম্বেদকারের জন্ম জয়ন্তী থাকায় মামলার শুনানি পিছিয়ে দেওয়া হয়। আজ থেকে ফের শুনানি শুরু হবে এই মামলার।

**************************

বালি পাচার কান্ডে আর্থিক দুর্নিতী তদন্তে, ইডি কলকাতা পুলিশের ডিসি শান্তনু সিনহা বিশ্বাসকে আজ ফের সিজিও কমপ্লেকসে তলব করেছে ইডি।

উল্লেখ্য, সোনা পাপ্পুর কান্ডে জড়িত থাকার অভিযোগে ইডি গত সোমবার শান্তনু ও তার দুই ছেলে কে তলব করেছিল। কিন্তু তারা সেদিন হাজিরা দেননি।

এদিকে আর্থিক প্রতারনা কান্ডে বিশ্বজিত পোদ্দার ওরফে সোনা পাপ্পুর সঙ্গে ধৃত জয় কামদার এবং কলকাতা পুলিশের ডিসি শান্তনু সিনহা বিশ্বাসের সরাসরি যোগ রয়েছে বলে ইডি জানিয়েছে। এক বিবৃতিতে এই কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা বলেছে, জয়

কামদারের সঙ্গে সোনা পাপ্পুর বিপুল পরিমাণে আর্থিক লেনদেন হয়েছে। কেনাবেচা হয়েছে আগ্নেয়াস্ত্রও। ধৃত জয় কামদার অবৈধ আন্তর্জাতিক চোরাচালান এবং হাওয়ালা লেনেদেনের সঙ্গে জড়িত। বেশ কিছু ক্ষেত্রে শান্তনু সিনহা বিশ্বাস সহ আরও অনেক পুলিশ আধিকারিককে জয়, মূল্যবান উপহার বা সুবিধা প্রদান করেছে বলেও তদন্তে উঠে এসেছে।

এর আগে পয়লা এপ্রিল অভিযান চালিয়ে প্রায় দেড় কোটি টাকা এবং ৬৭ লক্ষ টাকার বেশি মূল্যবান অলঙ্কার উদ্ধার হয়েছে বলে ইডি ঐ বিবৃতিতে উল্লেখ করেছে। একইসঙ্গে বাজেয়াপ্ত করা হয়েছে একটি বন্দুক ও গাড়ি সহ অবৈধ নথিপত্র।

অন্যদিকে, একাধিক মামলায় আর্থিক দুর্নীতির অভিযোগে ইডি আজ বসিরহাটের প্রাক্তন সাংসদ অভিনেত্রী নুসরত জাহানকে আজ ডেকে পাঠিয়েছে ইডি।

*************************

রাজ্যের পশ্চিমের জেলাগুলিতে কোথাও কোথাও আগামী দুদিন পর্যন্ত তাপপ্রবাহ এবং আর্দ্র ও অস্বস্তিকর আবহাওয়া থাকবে। আজ পুরুলিয়া ও পশ্চিম বর্ধমান জেলায় তাপপ্রবাহ এবং বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর ও বীরভূম জেলায় উষ্ণ ও অস্বস্তিকর আবহাওয়ার হলুদ সর্তকতা রয়েছে। আগামী কয়েকদিনে পশ্চিমের জেলাগুলিতে তাপমাত্রা কোথাও কোথাও স্বাভাবিকের থেকে তিন থেকে পাঁচ ডিগ্রি বেশি থাকার সম্ভাবনা।

গতকাল রাজ্যে সর্বাধিক সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে পানাগড়ে ৪৩ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস। এছাড়া আসানসোল পুরুলিয়া এবং সিউড়িতে সর্বোচ্চ তাপমাত্রা ৪২ ডিগ্রির বেশি রেকর্ড করা হয়। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৮ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে দুই ডিগ্রি বেশি।

দুপুর ১১ টা থেকে বিকেল চারটে পর্যন্ত বিশেষ প্রয়োজন না থাকলে বাড়ির বাইরে না বেরোনোর পরামর্শ দিয়েছে আবহাওয়া দপ্তর। আগামী শনিবার থেকে বিক্ষিপ্তভাবে ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

এদিকে, স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘের কারণে রাজ্যের বেশ কিছু জায়গায় আজ বিক্ষিপ্ত ভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বিশেষ করে, উত্তরবঙ্গে আগামী সোমবার পর্যন্ত বিক্ষিপ্তভাবে প্রায় প্রতিদিনই ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

************************************************************************